

র্যাগিংয়ের অভিযোগে চবিতে ৩ ছাত্রলীগ কর্মী আটক

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

২৬ অক্টোবর ২০১৯, ২২:০০

আপডেট: ২৬ অক্টোবর ২০১৯, ২২:০২




চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ভর্তি-ইচ্ছুক এক শিক্ষার্থীকে র্যাগ দেওয়ার সময় তিনি ছাত্রলীগ কর্মীকে আটক করে পুলিশে দিয়েছে কর্তৃপক্ষ। আজ শনিবার বিকেলে ক্যাম্পাসের পরিবহন পুল এলাকা থেকে তাঁদের আটক করা হয়।

আটক ছাত্রলীগ কর্মীরা হলেন ইতিহাস বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী জিহাদ হাসান, একই বর্ষের লোকপ্রশাসন বিভাগের আরশিল আজিম ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের দ্বিতীয় বর্ষের আরাফাত রহমান। তাঁরা তিনজনই বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের উপপক্ষ বিজয়ের কর্মী।

র্যাগিংয়ের শিকার শিক্ষার্থীর নাম আসাদুজ্জামান সিফাত। তিনি বরিশালের উজিরপুর এলাকার বাসিন্দা।

আসাদুজ্জামান সিফাত প্রথম আলোকে বলেন, বিকেলে ক্যাম্পাসে একটু ঘুরতে বের হয়েছিলেন তিনি। পরিবহন পুলের দিকে এলে তিনজন তাঁকে ডেকে চায়ের দোকানে বসান। এরপর শার্ট খুলতে ও নামতা পড়তে বলেন। নামতা মনে নেই বলার পর তাঁরা অসৌজন্যমূলক আচরণ করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রস্তরিয়াল বড়ির সদস্যরা বিষয়টি বুঝতে পেরে ওই তিনজনকে আটক করেন।



বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রষ্টর প্রণব মিত্র চৌধুরী প্রথম আলোকে বলেন, র্যাগিংসহ যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে কর্তৃপক্ষ সজাগ আছে। এ ধরনের ঘটনায় কাউকে ছাড় দেওয়া হবে না। ওই তিনজনকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও বিজয় পক্ষের নেতা জাহাঙ্গীর জীবন বলেন, র্যাগিংয়ের ঘটনায় কর্তৃপক্ষ যে ব্যবস্থা নেবে, সেটিই মেনে নেবে ছাত্রলীগ।

আটক তিনজনের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে বলে জানান বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি রেজাউল হক।